

প্রেস রিলিজ

তারিখ: ২০ মে ২০২৬

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে 'OBE কারিকুলাম উন্নয়ন' বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) "Hands on Training on OBE Curriculum Development: Implementation and Challenges" শীর্ষক দিনব্যাপী এক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (IQAC)-এর উদ্যোগে আজ বুধবার (২০ মে ২০২৬) সকাল ৮:৩০টায় বাউবির শিক্ষক সম্মেলন কক্ষে এই কর্মশালার আয়োজন করা হয়। প্রশিক্ষণ উদ্বোধনী প্রোগ্রামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) **অধ্যাপক সাইদ ফেরদৌস পিএইচডি**। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “দেশের উচ্চশিক্ষা ব্যবস্থায় শিক্ষকতার জন্য প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণের ঘাটতি দীর্ঘদিনের বাস্তবতা। অধিকাংশ শিক্ষক কোনো ধরনের প্রশিক্ষণ ছাড়াই শ্রেণিকক্ষে পাঠদান শুরু করেন, যা শিক্ষার গুণগত মান উন্নয়নে বড় চ্যালেঞ্জ। তিনি বলেন, বিশ্বজুড়ে শিক্ষকতা ও টিচিং-লার্নিং প্রক্রিয়াকে গুরুত্ব দেওয়া হলেও আমাদের দেশে এ বিষয়ে এখনো অনীহা ও মানসিক বাধা রয়েছে। Outcome Based Education (OBE) পদ্ধতির কিছু সীমাবদ্ধতা থাকলেও এটি শিক্ষাকে পরিকল্পিত ও জবাবদিহিমূলক করতে সহায়ক বলে তিনি উল্লেখ করেন। বিশেষ করে পাঠদান ও মূল্যায়নে শৃঙ্খলা, নির্দিষ্ট লক্ষ্য ও শিক্ষার্থীর অর্জন নিশ্চিত করতে OBE কার্যকর ভূমিকা রাখতে পারে বলে তিনি মত প্রকাশ করেন। একইসঙ্গে তিনি বলেন, সামাজিক বিজ্ঞান ও মানবিক শিক্ষার ক্ষেত্রে জ্ঞানের সৃজনশীলতা ও বিমূর্ততার দিকটিও সমান গুরুত্বপূর্ণ। তিনি শিক্ষকদের নতুন ধারণা ও প্রশিক্ষণ গ্রহণে ইতিবাচক মনোভাব গড়ে তোলার আহ্বান জানিয়ে বলেন, প্রশিক্ষণ কেবল ব্যক্তিগত দক্ষতা বৃদ্ধি নয়, বরং বিশ্ববিদ্যালয় ও দেশের সামগ্রিক শিক্ষা উন্নয়নেও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে”।

অনুষ্ঠানটিতে সভাপতিত্ব করেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (IQAC)-এর পরিচালক **অধ্যাপক ড. মোহাম্মদ জহির রায়হান**। তিনি বলেন, “Outcome Based Education (OBE) পদ্ধতি বাস্তবায়নের মাধ্যমে শিক্ষার গুণগত মান উন্নয়ন ও আন্তর্জাতিক মানসম্পন্ন কারিকুলাম প্রণয়নে শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তিনি প্রশিক্ষণে অংশগ্রহণকারী শিক্ষকদের অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতা পাঠদান ও কারিকুলাম উন্নয়নে কাজে লাগানোর আহ্বান জানান”।

প্রশিক্ষণ অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের ডিন অধ্যাপক তানভীর আহসান এবং স্কুল অব 'ল' এর ডিন অধ্যাপক ড. নাহিদ ফেরদৌসি। বক্তারা উচ্চশিক্ষার মানোন্নয়নে এবং আধুনিক যুগের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে যুগোপযোগী OBE কারিকুলাম প্রণয়ন ও বাস্তবায়নের ওপর বিশেষ গুরুত্বারোপ করেন।

প্রশিক্ষণ প্রোগ্রামে রিসোর্স পারসন (Resource Person) হিসেবে প্রশিক্ষণ প্রদান করেন আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-বাংলাদেশ (AIUB)-এর অর্থনীতি বিভাগের **অধ্যাপক ড. এ.বি.এম. রহমাতুল্লাহ**। বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ/প্রশিক্ষণ সহায়ক হিসেবে প্রশিক্ষণে আউটকাম বেইজড এডুকেশন (OBE) বাস্তবায়নের চ্যালেঞ্জ ও করণীয়, OBE-এর ধারণা ও বিভিন্ন মডেল, OBE-এর উপাদানসমূহ এবং বাংলাদেশ ন্যাশনাল কোয়ালিফিকেশনস ফ্রেমওয়ার্ক (BNQF) বিষয়ক আলোচনা উপস্থাপন করেন। এছাড়া তিনি কারিগরি অধিবেশনে OBE কারিকুলাম ডিজাইন এবং PEOs, PLCs ও CLOs ম্যাপিং বিষয়েও অংশগ্রহণকারী শিক্ষকদের মধ্যে “OBE কারিকুলাম উন্নয়ন: বাস্তবায়ন ও চ্যালেঞ্জ বিষয়ক হাতে-কলমে প্রশিক্ষণ” প্রদান করেন।

আইকিউএসির অতিরিক্ত পরিচালক ও এসএসএইচএল এর সহযোগী অধ্যাপক (ইংরেজি) ড. মোঃ জাকির হোসেন তালুকদারের সঞ্চালনায় প্রশিক্ষণ প্রোগ্রামে সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল এবং স্কুল অব 'ল' এর ৩৯ জন শিক্ষক অংশগ্রহণ করেন।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)